# SPECIAL MINES RULES

UNDER

## SECTION 21 OF THE INDIAN MINES ACT, 1901.

## (VIII OF 1901).

ভারতবর্ষীয় খনিবিষয়ক ১৯০১ সালের

(১৯০১ সালের ৮) আইনের

২১ ধারামত

## কয়লার খনিসমূহের নিমিত্ত বিশেষ নিয়মাবলী।

কলিকাতা ঃ

বেঙ্গল সেক্রেটারিয়েট বুক ডিপো

১৯১১ সাল

[Price, 1 anna.]

20 NOV. 22

182. Hb. 921. 2.

# বিধির পাণ্ডুলেখ্য।

বঙ্গ
বিহার প্রদেশ।

## বিশেষ নিয়মাবলী

ভারতবর্ষীয় খনিবিষয়ক ১৯০১ সালের আইনের ২১ ধারা অনুসারে কয়লার খনির কার্য্যাধ্যক্ষতাসূত্রে কার্য্যকারী বা ঐরূপ খনিতে বা খনির আশপাশে নিযুক্ত ব্যক্তিদের শাসন ও পরিচালনের দুর্ঘটনা নিবারণের এবং ঐরূপ খনিতে বা ঐরূপ খনির আশপাশে নিযুক্ত ব্যক্তিদের নিরাপদে থাকা, সুবিধা এবং সুশাসনের বিধানকরণার্থ আইন

## অর্থনির্দ্দেশ

১। এই সকল বিধিতে—

(ক) "আইন" বলিতে ভারতবর্ষীয় খনিবিষয়ক ১৯০১ সালের আইন বুঝাইবে;

(খ) "সাধারণ বিধি" বলিতে আইনের ২০ ধারানুসারে তৎকালে প্রচলিত যে কোন বিধি বুঝাইবে;

(গ) "ব্যক্তি" বলিতে খনিতে বা খনির আশপাশে নিযুক্ত যে কোন ব্যক্তিকে বুঝাইবে;

(ঘ) "কার্য্যাধ্যক্ষ" বলিতে আইনের ১৮ ধারায় "কার্য্যাধ্যক্ষ" বলিয়া উল্লিখিত ব্যক্তিকে বুঝাইবে;

(ঙ) "অধীন কার্য্যাধ্যক্ষ" বলিতে কার্য্যাধ্যক্ষকে খনির কার্য্যাধ্যক্ষতা, কর্ত্তৃত্ব এবং পরিচালন কার্য্যে সাহায্যকরণার্থ নিযুক্ত যে ব্যক্তি ঠিক কার্য্যাধ্যক্ষের নিম্নপদস্থ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং

(চ) "কর্ম্মচারী" বলিতে কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষ ব্যতীত খনিতে বা খনির আশপাশে নিযুক্ত যে ব্যক্তির হস্তে কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষ কর্ত্তৃত্ব, কার্য্যাধ্যক্ষতা বা কার্য্যপর্য্যবেক্ষণসম্বন্ধে কোন কার্য্যের ভার ন্যস্ত করেন সেই ব্যক্তিকে বুঝাইবে।

## সাধারণ

২। এই বিধিগুলি যতদূর প্রত্যেক স্থলে প্রযোজ্য হয় ততদূর কোন খনিতে বা খনির আশপাশে নিযুক্ত প্রত্যেক ব্যক্তিকর্তৃক পালিত হইবে

৩ কার্য্যাধ্যক্ষ বা কার্য্যাধ্যক্ষ যে ব্যক্তিকে আইনসঙ্গত আদেশ প্রচার করিবার ক্ষমতা দেন সেই ব্যক্তি যে সকল আইনসঙ্গত আদেশ প্রচার করেন প্রত্যেক ব্যক্তি ঠিক তদনুসারে কার্য্য করিবেন

৪ কোন সর্দ্দার ইঞ্জিনচালক, বয়লারে অগ্নিদাতা, ব্যাঙ্কস্‌ম্যান্ অন্‌সেটর কিম্বা খনিতে বা খনির আশপাশে দায়িত্বপূর্ণ কোন পদধারী ব্যক্তি তাঁহার উপরিতন কর্ম্মচারীর অনুমোদন ব্যতীত অপর কোন ব্যক্তিকে নিজের কার্য্য করিতে পাঠাইবেন না এবং ঐরূপ কোন ব্যক্তি যতকাল অনুপস্থিত থাকিবেন ততকালের নিমিত্ত ঐরূপ কর্ম্মচারীর নিকট হইতে অগ্রে অনুমতি গ্রহণ না করিয়া কিম্বা কোন উপযুক্ত ব্যক্তি তাঁহার কার্য্যের ভার গ্রহণ না করিলে অনুপস্থিত থাকিবেন না।

৫ যাহাতে তাঁহার নিজের বা অপর কোন ব্যক্তির বা যে খনির কার্য্যে তিনি নিযুক্ত থাকেন সেই খনির নিরাপত্তার বিঘ্ন ঘটিবার সম্ভাবনা, কোন ব্যক্তি এমন কোন কার্য্য করিবেন না।

৬ কোন ব্যক্তি খনির কার্য্যের নিমিত্ত সরবরাহ করা বা ব্যবহৃত কোন দ্রব্যের হানি করিবেন না বা তাহা নষ্ট করিবেন না বা তাহাতে অযথা হস্তক্ষেপ করিবেন না

৭ মাটির উপরেই হউক বা মাটির নীচেই হউক কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষের নিকট হইতে বা কার্য্যাধ্যক্ষকর্তৃক তদর্থে ক্ষমতাপ্রাপ্ত অপর কর্ম্মচারীর নিকট হইতে বিশেষ অনুমতি না পাইলে কোন বেড়া সরাইয়া ফেলিবেন না বা তাহার ভিতর দিয়া যাইবেন না বা কোন বিপদের সঙ্কেত সরাইয়া ফেলিবেন না বা তাহা পার হইয়া যাইবেন না

৮ কোন ব্যক্তি কোন খনিতে বা খনির আশপাশে ব্যবহৃত কোন কল, সরঞ্জাম বা তোড়যোড়ের ভারপ্রাপ্ত থাকিবার সময়ে উহার কোন দোষ বা বিপজ্জনক ত্রুটি দেখিলে তিনি তৎক্ষণাৎ ঐ বিষয় কার্য্যাধ্যক্ষ, অধীন কার্য্যাধ্যক্ষ বা ইঞ্জিননির্ম্মাতার নিকটে রিপোর্ট করিবেন।

৯ কার্য্যাধ্যক্ষের সম্মতি ব্যতীত কোন খনির মধ্যে বা উপরে কোন মাদক পানীয় রাখা বা সেবন করা হইবে না এবং মাতাল অবস্থায় কোন ব্যক্তি খনিতে প্রবেশ করিবেন না বা কোন ব্যক্তিকে খনিতে বা খনির আশপাশে থাকিতে দেওয়া হইবে না

১০ লোক তুলিবার ও নামাইবার নিমিত্ত ব্যবহৃত ডুলি, টব্ বা বাল্‌তি উঠিতে বা নামিতে আরম্ভ করিবার পর সাধারণতঃ কোন ব্যক্তি উহাতে চড়িবেন না বা উহা হইতে নামিবেন না কিম্বা নিরূপিত থামিবার স্থানে না পৌছান পর্য্যন্ত উহা ত্যাগ করিবেন না এবং ঐরূপ কোন ব্যক্তি খনির (স্তাফ্‌টে) চানোকে বিশেষ কার্য্যে নিযুক্ত থাকিবার সময়ে ভিন্ন কোন ডুলি, টব্ বা বাল্‌তির উপর বা ধারে চড়িয়া যাইবেন না

১১ (স্তাফ্‌ট) চানোক মেরামত করিতে নিযুক্ত থাকিবার সময়ে বা প্রকারান্তরে কার্য্যাধ্যক্ষের নিকট হইতে বিশেষ অনুমতি পাইবার স্থলে ভিন্ন কোন ব্যক্তি চানোক দিয়া উঠিবার ব নামিবার সময়ে কোন যন্ত্র বা অপর ভারী মালমসলা সাধারণতঃ সঙ্গে লইবেন না

কিন্তু কেবলমাত্র যন্ত্রের স্থলে কার্য্যাধ্যক্ষ সাধারণ আদেশক্রমে উহা সঙ্গে লইবার অনুমতি দিতে পারিবেন

১২ কোন ব্যক্তি কোন বোঝাই টব্ বা বাল্‌তি সঙ্গে লইয়া বা উহার বিপরীত দিকে চানোক দিয়া উঠিবেন না বা নামিবেন না

১৩ চানোকের ধারে বা চানোকের তলায় বা তাহার আশপাশে থাকিবার সময়ে বা চানোক দিয়া উঠিবার বা নামিবার উপক্রম করিবার সময়ে প্রত্যেক ব্যক্তি তৎকালে ভারপ্রাপ্ত ব্যাঙ্কস্‌ম্যানের (চানোকের ধারে স্থিত ব্যক্তির) ও অন্‌সেটরের (কার্য্যারম্ভকের) আজ্ঞা ও উপদেশ পালন করিবেন

১৪ যথেষ্ট আলো না লইয়া কোন ব্যক্তি মাটির নীচে বেড়াইবেন না বা কাজ করিবেন ন এবং কোন স্থলেই একটী আলো লইয়া দুই জনের বেশী লোক বেড়াইবেন না বা কাজ করিবেন না।

১৫। খনির কোন কর্ম্মচারী কিম্বা খনির কোন কর্ম্মচারী কোন ব্যক্তিকে যে ব্যক্তির জিম্মায় স্থাপন করেন সেই ব্যক্তি কোন লোককে যেস্থানে কাজ করিতে আদেশ করেন ঐ লোক সেই স্থান ভিন্ন অপর কোন স্থানে কাজ করিবেন না

১৬ মাটির উপরেই হউক ব নীচেই হউক কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষের অনুমতি ব্যতীত কোন টব্, ট্রক্ বা মালগাড়াতে চড়িয়া যাইবেন না

১৭ কোন দরজা বা আলকাতরা মাখান পুরু কাপড়ের ভিতর দিয়া যাইবার পর প্রত্যেক ব্যক্তি উহ তৎক্ষণাৎ বন্ধ করিয়া দিবেন

১৮। কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক "ফীডর" বা সঞ্চিত গ্যাস জ্বালাইয়া দিবেন না।

১৯ কাজ করিতে আরম্ভ করিবার পূর্ব্বে প্রত্যেক ব্যক্তি নিজের কাজের জায়গা পরীক্ষা করিয়া দেখিবে এবং কাজের পালার সময়ে ও মধ্যে

মধ্যে পরীক্ষা করিয়া দেখিবে সে যদি কোন বিপজ্জনক অবস্থা লক্ষ্য করে তবে সে হয় উহার প্রতিকার করিবে অথবা তৎক্ষণাৎ ঐ স্থান পরিত্যাগ করিয়া খনির কোন কর্ম্মচারীর নিকটে ঐ বিষয় রিপোর্ট করিবে তিনি অবিলম্বে ঐ বিষয়সম্বন্ধে বিধান করিবেন

২০ কোন ব্যক্তি মাটির নীচের কোন অংশে যে লোক থাকিবেন তাঁহার জিম্মা না করিয়া খনির ঐরূপ কোন অংশে কোন আলো বা আগুন রাখিয়া আসিবেন না।

২১। কার্য্যাধ্যক্ষ, অধীন কার্য্যাধ্যক্ষ বা এতদর্থে ক্ষমতাপ্রাপ্ত অপর কর্ম্মচারীর নিকট হইতে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত না হইলে কোন ব্যক্তি কোন থাম, ছাত, বা মেজে হইতে কয়লা কাটিবে না।

## কার্য্যাধ্যক্ষগণ

২২ কার্য্যাধ্যক্ষ যে খনির ভারপ্রাপ্ত থাকেন সেই খনিতে এই আইনের আদিষ্ট কার্য্য সকল নির্ব্বাহের নিমিত্ত যতজন উপযুক্ত লোক আবশ্যক লিখিত আদেশক্রমে ততজন উপযুক্ত লোক নিযুক্ত করিবেন, এইরূপ প্রত্যেক ব্যক্তির বিশেষ কর্ত্তব্যকর্ম্মসমূহ নিরূপিত করিবেন, এবং সে নিযুক্ত হইবার পর এই সকল বিধির একখণ্ড তাহাকে প্রদান করিবেন

২৩ যে সকল লোক সঙ্কেত করিবেন তাঁহারা যাহাতে সহজে পড়িতে পারেন তন্নিমিত্ত যাহাতে চানোকের এবং সিঁড়ি খাদের সঙ্কেতের নিয়মাবলী ছাপা হইয়া খনির সুপ্রকাশ স্থানসমূহে লাগাইয়া দেওয়া হয় ইহা দেখিবার জন্য কার্য্যাধ্যক্ষ দায়ী থাকিবেন ঐ নিয়মাবলী নিম্নলিখিতরূপ হইবে ঃ

### ক —চানোকের সঙ্কেতের নিয়মাবলী

| কাজ চালাইবার সঙ্কেত | আঘাত। |
|---|---|
| চানোকের তলা হইতে ডুলি তুল ... ... | ১ বার। |
| ডুলি থামাও ... ... ... | ১ ,, |
| ডুলি নামাও ... ... ... | ২ ,, |
| থামাইবার পর তুল .. ... ... | ১ ,, |
| থামাইবার পর সাবধানে তুল ... ... | ৪ ,, |
| **লোক নামা** | |
| যখন কোন লোক নামিবার উপক্রম করিবে তখন ব্যাঙ্কস্‌ম্যান্ অন্‌সেটরকে সঙ্কেত করিবে ... ... | ৩ ,, |

| | |
|---|---|
| | আঘাত। |
| (ঐ লোক ডুলিতে ঢুকিবার পূর্ব্বে) অন্‌সেটর উহার উত্তর দিবে ... ... ... | ৩ বার |
| অন্‌সেটরের ডুলি উপরে উঠিবার জন্য প্রস্তুত হইলে অন্‌সেটর ব্যাঙ্কস্‌ম্যান্‌কে সঙ্কেত করিবে ... ... | ১ ,, |

লোক উঠা

| | |
|---|---|
| যখন কোন লোক উঠিবার উপক্রম করিবে অন্‌সেটর ব্যাঙ্কস্‌ম্যানকে সঙ্কেত করিবে ... ... ... | ৩ |
| ব্যাঙ্কস্‌ম্যান্‌ উহার উত্তর দিবে .. ... | ৩ ,, |
| যখন ঐ ব্যক্তি উঠিবার জন্য প্রস্তুত হইবে অন্‌সেটর ব্যাঙ্কস্‌ম্যান্‌কে সঙ্কেত দিবে ... ... ... | ১ ,, |

ব্যাঙ্কস্‌ম্যান্‌ ঐ সকল সঙ্কেত ইঞ্জিনচালকের নিকট পাঠাইবে যাহাকে ক্ষমতা দেওয়া হয় নাই এমন কোন লোক কোন সঙ্কেত করিবে না।

বিশেষ সঙ্কেত

কার্য্যাধ্যক্ষ বিশেষ সঙ্কেতের আদেশ দিতে পারিবেন ; কিন্তু সকল স্থলেই উহা অনুমোদিত সঙ্কেতসমূহের অতিরিক্ত সঙ্কেতস্বরূপ হইবে এবং ঐ সকল সঙ্কেতের বাধা জন্মাইবে না।

খ।—চানোক (স্যাফ্‌ট) খুঁড়িবার সঙ্কেতের নিয়মাবলী

| | |
|---|---|
| | আঘাত। |
| দৌড়িবার সময় থাম ... ... ... | ১ বার |
| নামাও ... ... ... ... | ২ ,, |
| টান হউক ... ... ... ... | ১ ,, |
| বালতি আর নড়িবে চড়িবে না এমন করিয়া দিবার পর তুল | ১ ,, |
| যখন লোকেরা চড়িয়া যাইতেছে তখন টান হউক ... | ৩ ,, |

ব্যাঙ্কস্‌ম্যান্‌ সঙ্কেতগুলি ইঞ্জিনচালকের নিকট পাঠাইবে যাহাকে ক্ষমতা দেওয়া হয় নাই এমন কোন ব্যক্তি কোন সঙ্কেত করিবে না।

বিশেষ সঙ্কেত

কার্য্যাধ্যক্ষ বিশেষ সঙ্কেতের অনুমতি দিতে পারিবেন ; কিন্তু ঐ সকল সঙ্কেত সকল স্থলেই অনুমোদিত সঙ্কেতাবলির অতিরিক্ত সঙ্কেতস্বরূপ হইবে এবং ঐ সকল সঙ্কেতের বাধা জন্মাইবে না।

## গ সিডি খাদের সঙ্কেতের নিয়মাবলী

| | | | | আঘাত |
|---|---|---|---|---|
| ট্রেন বা বোঝা চালাও | ... | .. | ... | ৩ বার |
| ট্রেন বা বোঝা থামাও | ... | ... | ... | ১ ,, |
| আস্তে আস্তে নামাও | ... | ... | ... | ২ ,, |
| আস্তে আস্তে তুল | ... | ... | ... | ৪ ,, |

যাহাকে ক্ষমতা দেওয়া হয় নাই এমন কোন ব্যক্তি কোন সঙ্কেত করিবে না।

## বিশেষ সঙ্কেত

কার্য্যাধ্যক্ষ বিশেষ সঙ্কেতের অনুমতি দিতে পারিবেন, কিন্তু ঐ সকল সঙ্কেত সকল স্থলেই অনুমোদিত সঙ্কেতাবলির অতিরিক্ত সঙ্কেতস্বরূপ হইবে এবং ঐ সকল সঙ্কেতের বাধা জন্মাইবে না।

২৪। কার্য্যাধ্যক্ষ খনির প্রত্যেক ডুলি, টব্ ও বাল্‌তিতে কত জন লোক ধরিবে তাহা নির্দ্দিষ্ট করিয়া ঐরূপ ডুলি, টব্ ও বাল্‌তিতে এক এক বারে কতজন লোক যাইতে পারিবে তাহার একখানি ছাপা নুটিস চানোকের ফ্রেমে এবং প্রত্যেক ইন্‌সেটে লাগাইয়া দিবেন।

২৫। খনিতে কি প্রকারের কিম্বা কি কি প্রকারের বিস্ফোরক দ্রব্য ব্যবহার করিতে পারা যাইবে এবং উহা আওয়াজ করিতে কি প্রণালী অবলম্বন করিতে হইবে কার্য্যাধ্যক্ষ সময়ে সময়ে তাহা স্থির করিবেন।

২৬। এই আইনের বিধানের সহিত সঙ্গতভাবে যাহাতে সমস্ত আবশ্যক কার্য্য যথাযথ সম্পাদিত হয় তন্নিমিত্ত কার্য্যাধ্যক্ষ দেখিবেন যে যথেষ্ট মালমসলা ও যন্ত্রাদি মৌজুদ রাখা হইয়াছে; এবং তিনি যদি অধিকারী বা এজেণ্ট না হন, তাহা হইলে যাহা সরবরাহ করা তাঁহার ক্ষমতার মধ্যে নহে এমন কোন আবশ্যক বা ব্যবহার্য্য দ্রব্য আবশ্যক হইলে তিনি লিখিয়া অধিকারী বা এজেণ্টের নিকটে রিপোর্ট করিবেন।

২৭। আইনানুসারে বা আইনানুসারে প্রণীত কোন বিধি অনুসারে যে সকল পরিদর্শন আদিষ্ট হইয়াছে যাহাতে তাহা নিয়মিত ও সুচারুরূপে উপযুক্ত কর্ত্তৃপক্ষকর্ত্তৃক কৃত হয় এবং ঐরূপ প্রত্যেক পরিদর্শনের একটী রিপোর্ট লেখা হয় ইহার বন্দোবস্ত করা কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্যকর্ম্ম হইবে।

২৮। কার্য্যাধ্যক্ষ ৪ সাধারণ বিধি* এবং ১৭ (খ) সাধারণ বিধির* নিয়মবিধি অনুসারে আদিষ্ট প্রত্যেক ষ্টেশনের স্থান নির্দ্ধারিত করিবেন এবং

* ভারত গবর্ণমেণ্টের বিজ্ঞাপন (রাজস্ব ও কৃষিবিভাগ) নং ৮৬৪ ৬৮ ২০, ১০ই মার্চ্চ ১৯০৪

ইংরাজী ও ঐ জিলায় প্রচলিত দেশীয় এই উভয় ভাষায় স্থলভেদে "ষ্টেশন" অথবা 'লাণ্ঠানের ষ্টেশন এই শব্দ বা শব্দদ্বয়লেখা ছাপা নুটিসদ্বারা ঐরূপ প্রত্যেক ষ্টেশনের নির্দ্দেশ করাইবেন

২৯ যেস্থলে অতিরিক্ত গুটান নিবারিতকরণার্থ গুটাইবার কলে কোন স্বচালিত যন্ত্র না থাকে সেস্থলে লোক উঠিবার সময়ে যেস্থানে ডুলি, লোহার বাক্স, বাল্তি বা টব্ চানেলের উপরিভাগ হইতে ড্রামের দুই পরিধি পরিমিত দূরে উঠিয়াছে কার্য্যাধ্যক্ষ (২৫ সাধারণ বিধির[৭] কল্পিত) সেই স্থানপ্রদর্শক চিহ্ন গুটাইবার কলের ইণ্ডিকেটরে স্থাপিত করাইবেন

৩০। কার্য্যাধ্যক্ষ দেখিবেন যে সকল সিড়ি খাদের উপরিভাগে উপযুক্ত ষ্টপব্লক্ এবং প্রথম ব্লক্গুলির নীচে টবের শ্রেণীর দৈর্ঘ্য অপেক্ষা অধিক দূরে অতিরিক্ত ব্লক বা রণআওয়ে সুইচ্, অথবা ছিটকাইয়া যাওয়ার স্থলে টবের নিম্নদিকে গতি রোধকরণার্থ অপর যন্ত্র স্থাপিত হয়।

## অধীন কার্য্যাধ্যক্ষ

৩১ কার্য্যাধ্যক্ষ অধীন কার্য্যাধ্যক্ষের হস্তে মাটীর উপরের বা নীচের যে কার্য্যের তত্ত্বাবধানের ভার মধ্যে মধ্যে দিবেন অধীন কার্য্যাধ্যক্ষ কার্য্যাধ্যক্ষের অধীনে সেই সেই কার্য্যের ভারপ্রাপ্ত থাকিবেন

৩২ অধীন কার্য্যাধ্যক্ষ দেখিবেন যে আইনের বা তদনুসারে প্রণীত কোন বিধির আদেশ অনুসারে কার্য্যকরণার্থ নিযুক্ত ব্যক্তিগণ নিয়মিত ও সুচারুরূপে স্ব স্ব কর্ত্তব্যকর্ম্ম সম্পাদন করিতেছেন

৩৩ কার্য্যাধ্যক্ষের অনুপস্থিতিকালে (আইনে বা আইনানুসারে প্রণীত কোন বিধিতে যতদূর অনুমতি থাকে) অধীন কার্য্যাধ্যক্ষের ততদূর, কার্য্যাধ্যক্ষের যে ঝুঁকি, সেই ঝুঁকি থাকিবে ; তিনি, কার্য্যাধ্যক্ষ যে যে কর্ত্তব্যকর্ম্ম সম্পাদন করিতেন সেই সেই কর্ত্তব্যকর্ম্ম সম্পাদন করিবেন এবং কার্য্যাধ্যক্ষ যে যে দায়িত্বের অধীন থাকিতেন তিনি সেই সেই দায়িত্বের অধীন হইবেন।

কিন্তু এই বিধির ফলে কার্য্যাধ্যক্ষের ব্যক্তিগত দায়িত্বের ব্যত্যয় হইবে না।

## কয়লার খনির জরিপকারক

৩৪ কয়লার খনির জরিপকারক কার্য্যাধ্যক্ষের আদেশমত অথবা আইন বা আইনানুসারে প্রণীত বিধির আদেশমত ঠিক জরিপ এবং লেবেল লইবেন এবং যুক্তিযুক্ত ত্বরাসহকারে ঐগুলি নক্সায় ঠিক করিয়া চিহ্নিত করিবেন।

[৭] ভারত গবর্ণমেণ্টের বিজ্ঞপ্তি (রাজস্ব ও কৃষিবিভাগ) নং ৮৬৪-৬৮ ২০ ১০ই মার্চ ১৯০৪

৩৫ কয়লার খনির জরিপকারক নক্সা এবং সেক্সনসম্বন্ধে আইনের বা আইনানুসারে প্রণীত বিধির কোন লঙ্ঘন দেখিলে তৎপ্রতি কার্য্যাধ্যক্ষের মনোযোগ আকর্ষণ করিবেন।

## সর্দ্দার বা অন্যান্য উপযুক্ত ব্যক্তি।

৩৬ ৪ সাধারণ বিধি* অনুসারে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তিকে কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষ খনির যে অংশের দায়িত্বপূর্ণ ভার ও কর্ত্তৃত্ব অর্পণ করেন ঐ ব্যক্তির হস্তে সেই অংশের দায়িত্বপূর্ণ ভার ও কর্ত্তৃত্ব থাকিবে

৩৭ ৪ সাধারণ বিধি* অনুসারে উক্ত উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি তাহার নিজের অংশের মধ্যে যে প্রত্যেক স্থানে বা স্থান দিয়া কোন ব্যক্তি কার্য্য করে বা যায় তাহা ২৪ ঘণ্টার মধ্যে অন্ততঃ একবার পরিদর্শন করিবেন এবং তাঁহার অংশে ২৪ ঘণ্টা কার্য্য না চলিয়া থাকিলে কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষের নিযুক্ত ষ্টেশন পার হইবার অনুমতি পাইবার দুই ঘণ্টার অনধিক কাল পূর্ব্বে পরিদর্শন করিবেন এবং ঐ পরিদর্শনের ফল লিপিবদ্ধ করিবার জন্য যে বহি রাখিতে হইবে সেই বহিতে ঐ পরিদর্শনের ফল লিপিবদ্ধ করিবেন

৩৮ ঐ উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে খনির কার্য্য নির্ব্বিঘ্নে চলিবার জন্য যে বাহাদুরি কাঠ, যন্ত্রাদি বা অপর আবশ্যক দ্রব্যের প্রয়োজন তাহার যথেষ্ট সরবরাহ খনির মধ্যে উপযুক্ত স্থানে রাখা হইয়াছে এবং ঐ বিষয়ে কোন ত্রুটি থাকিলে তাহা লিখিয়া স্বীয় উপরিতন কর্ম্মচারীর নিকটে রিপোর্ট করিবেন

৩৯ ঐ উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে সকল ষ্টপিং ব্যবধান, দরজা, এয়ার-ক্রসিং ষ্টপ ব্লক, বেড়া এবং অপর যন্ত্রাদি ও আবশ্যক দ্রব্য ভাল অবস্থায় রক্ষিত হইতেছে

৪০ ঐ উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি সাবধান হইয়া দেখিবেন যে কোন বিপজ্জনক কার্য্য যথাযথ সতর্কতার সহিত কৃত হয় এবং আবশ্যক হইলে যেস্থানে ঐ কার্য্য হইবে সেইস্থানে বেড়া দেওয়াইবেন এতদ্ভিন্ন তিনি যেস্থান প্রকৃতপক্ষে ব্যবহৃত হইতেছে না কিম্বা যাহাতে কার্য্য চলিতেছে না বা যাহা বিস্তৃত করা হইতেছে না সেই স্থানের সমস্ত প্রবেশদ্বার জুড়িয়া বেড়া দেওয়াইবেন

৪১ এই উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে চলিবার সমস্ত রাস্তার এবং কাজ করিবার সমস্ত স্থানের ছাদ ও ধার নিরাপদ করা হয় ও নিরাপদ অবস্থায় রক্ষিত হয়

* ভারত গবর্ণমেণ্টের বিজ্ঞাপন (রাজস্ব ও কৃষিবিভাগ) নং ৮৬৪-৬৮ ২০ ১০ই মার্চ ১৯০৪

৪২  এই উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে ইঞ্জিন প্লেনের গর্ত্তগুলি পরিষ্কার ও উত্তম অবস্থায় রক্ষিত হয়

৪৩  এই উদ্দেশ্যে নিযুক্ত সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি তাঁহার অংশের যে ভাগ তাঁহার নিকটে নিরাপদ নয় বলিয়া বা তৎসম্বন্ধে কোন প্রকারে তাঁহার মনোযোগের প্রয়োজন আছে বলিয়া রিপোর্ট করা হয় তাহা অবিলম্বে স্বয়ং পরিদর্শন করিবেন এবং কোন ত্রুটির বা বিপদের অবিলম্বে প্রতিকার করিবেন।

৪৪। সর্দ্দার বা অপর উপযুক্ত ব্যক্তি বিপজ্জনক গ্যাসের সঞ্চয় দেখিলে তিনি ৫ সাধারণ বিধির* বিধান পালন করিবেন এবং ঐ বিষয় অবিলম্বে কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষের নিকটে অথবা তাঁহাদের অনুপস্থিতিতে খনির ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নিকটে রিপোর্ট করিবেন এবং এই সকল ব্যক্তিদের মধ্যে কোন এক ব্যক্তির নিকট হইতে উপদেশ না পাওয়া পর্য্যন্ত ঐ সঞ্চয় স্থানান্তরিত করিবেন না

৪৫  সর্দ্দার বা ঐ উদ্দেশ্যে নিযুক্ত অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে ড্র্যাগ ও পশ্চাতে ঠেকা লাগাইবার দ্রব্য যোগান হয় এবং যে সকল টব্‌ সিঁড়ি খাদের উপরে উঠিতেছে নিয়মিতভাবে তাহার পিছনে ব্যবহার করা হয়

৪৬  সর্দ্দার বা নিম্নলিখিত উদ্দেশ্যে নিযুক্ত অপর উপযুক্ত ব্যক্তি তাঁহার তাঁবের মজুরদিগকে তাহাদের কার্য্যস্থান নিজে দেখাইয়া দিবেন কিম্বা অপর কাহারও দ্বারা নির্দ্দেশ করাইয়া দিবেন এবং তিনি কোন ব্যক্তিকে তাহার নির্দ্দিষ্ট স্থান ভিন্ন অপর কোন স্থানে দেখিলে ঐ ব্যক্তিকে খনি হইতে তৎক্ষণাৎ বাহির হইয়া যাইতে আদেশ করিতে পারিবেন এবং ঐ কথা অবিলম্বে কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষের নিকটে রিপোর্ট করিবেন

৪৭  সর্দ্দার বা নিম্নলিখিত উদ্দেশ্যে নিযুক্ত অপর উপযুক্ত ব্যক্তি ৪ সাধারণ বিধির* আদিষ্ট পরিদর্শন সমাপ্ত না করা পর্য্যন্ত অথবা যথারীতি নিযুক্ত কোন বদলি তাঁহার কার্য্যভার গ্রহণ না করা পর্য্যন্ত খনি ছাড়িয়া যাইবেন না

৪৮  সর্দ্দার বা ঐ উদ্দেশ্যে নিযুক্ত অপর উপযুক্ত ব্যক্তি দেখিবেন যে সাধারণ ১৩ বিধি * ও এই সকল বিধির মধ্যে যেগুলি বিস্ফোরকসম্বন্ধে খাটে সেই সকল বিধির বিধান তাঁহার কর্ত্তৃত্বাধীন খনির অংশে কড়াকড়ভাবে পালিত হয়।

৪৯। প্রতিদিনের কার্য্য শেষ হইবার পর সর্দ্দার বা ঐ উদ্দেশ্যে নিযুক্ত অপর উপযুক্ত ব্যক্তি খনির যে অংশের ভারপ্রাপ্ত সেই অংশে সাধারণতঃ কোন ব্যক্তিকে থাকিতে দিবেন না  কিন্তু ঐরূপ কোন ব্যক্তিকে তথায় আটক করিয়া রাখা আবশ্যক হইলে তিনি ঐ ব্যক্তিকে কোন উপযুক্ত ব্যক্তির কর্ত্তৃত্বাধীনে

* ভারত গবর্ণমেণ্টের বিজ্ঞপ্তি (রাজস্ব ও কৃষি বিভাগ) নং ৮৩৩ ৬৮ ২০, ১০ই মার্চ, ১৯০৪।

স্থাপন করিবার বন্দোবস্ত করিবেন এবং অনাবশ্যক সমস্ত আলো নিবাইয়া ফেলিবেন

## মেক্যানিকাল ইঞ্জিনিয়ার ও ইঞ্জিননির্ম্মাতা

৫০ মেক্যানিকাল ইঞ্জিনিয়ার ও ইঞ্জিননির্ম্মাতা খনির যে অংশে নিযুক্ত হন সেই অংশের মাটীর উপরের ও নীচের উভয় স্থানেরই কল ও যন্ত্রের ভারপ্রাপ্ত থাকিবেন

৫১ মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা ইঞ্জিননির্ম্মাতা বা ঐ উদ্দেশ্যে নিযুক্ত অপর কোন উপযুক্ত ব্যক্তি প্রতি ২৪ ঘণ্টায় অন্ততঃ একবার কলগুলির বাহ্য অংশ এবং পাল্লা, দড়ি, চেইন এবং খনির অপর তদ্রূপ যে সকল তোড়যোড় মাটীর উপরে বা নীচে প্রকৃতপক্ষে ব্যবহৃত হয় তাহার অবস্থা পরীক্ষা করিয়া দেখিবেন এবং ঐ উদ্দেশ্যে যে বহি রাখিতে হইবে সেই বহিতে ঐরূপ পরীক্ষার ফল লিখিবেন বা লিখিয়া রাখিবেন

৫২ মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা ইঞ্জিননির্ম্মাতা দেখিবেন যে আইনের বা আইনানুসারে প্রণীত কোন বিধির আদিষ্ট সমস্ত সঙ্কেত, কল, জোড় ও যন্ত্রাদি ঠিক করিয়া বসান হয় এবং নির্ব্বিঘ্ন এবং কাজ চলিবার মত অবস্থায় রক্ষিত হয়

৫৩। মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা ইঞ্জিননির্ম্মাতা দেখিবেন যে কলের সমস্ত বিপজ্জনক এবং খোলা অংশ এবং সমস্ত বিপজ্জনক স্থান তথা কাজ করিবার, বা বায়ু চলাচলের এবং পম্প করিবার চানোকের মাথা উপযুক্ত এবং নির্ব্বিঘ্নভাবে বেড়া দেওয়া হইল

৫৪ মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা ইঞ্জিননির্ম্মাতা অথবা ঐ উদ্দেশ্যে নিযুক্ত উপযুক্ত অপর কোন ব্যক্তি দেখিবেন যে খুলিয়া লওয়া যায় এমন সমস্ত হুক পরিষ্কার করিয়া পুনরায় লাগাইয়া দেওয়া হয় এবং গুটাইবার দড়িগুলিতে অন্ততঃ ছয় মাসে একবার অথবা আবশ্যক হইলে আরও ঘন ঘন নূতন ক্যাপ দেওয়া হয়

৫৫ মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা ইঞ্জিননির্ম্মাতা দেখিবেন যে বয়লারের জোড়গুলি ঠিক করিয়া আঁটিয়া দেওয়া এবং ভাল মেরামতী অবস্থায় এবং নির্ব্বিঘ্নে কাজ চলিবার মত অবস্থায় রক্ষিত হয়

৫৬ পরিষ্কার করিবার নিমিত্ত কিম্বা অপর কোন উদ্দেশ্যে যাহা এক বা একাধিক বয়লারের সহিত সংযুক্ত এমন কোন বয়লারে কোন ব্যক্তির প্রবেশ করিবার আবশ্যক হইলে মেক্যানিকাল ইঞ্জিনিয়ার বা অপর উপযুক্ত ব্যক্তি ষ্টিম্ ভাল্ভ, ব্লো-অফ্ কক্, এবং জল পূরিবার ছিদ্র তালাধারা বা যন্ত্রে বয়লার

বিযুক্ত হইয়া যাইবে এমন অপর কোন উপায় বা তোড়যোড়দ্বারা কায়দা করিয়া বন্ধ করিবেন এবং যে পর্য্যন্ত গর্ত্তের (ম্যান্‌হোলের) ঢাকাগুলি পুনরায় আঁটিয়া দেওয়া না হয় সে পর্য্যন্ত কোন প্রবেশপথ দিয়া জল বা বাষ্পের প্রবেশ নিবারণ করিবেন

কিন্তু যে বয়লার অপর কোন বয়লারের সহিত সংযুক্ত নয় তৎসম্বন্ধে এই বিধি খাটিবে না।

## গুটাইবার ইঞ্জিনচালক

৫৭ কাজ আরম্ভ করিবার পূর্ব্বে গুটাইবার ইঞ্জিনচালক তিনি যে সকল ইঞ্জিন ও তোড়যোড়ের ভারপ্রাপ্ত থাকেন তাহা পরীক্ষা করিয়া দেখিবেন এবং ঐগুলি যে ঠিক কাজ চলিবার মত অবস্থায় আছে তাহা বেশ করিয়া বুঝিয়া লইবেন

৫৮ যে খনিতে গুটাইবার যন্ত্রে যাহাতে অতিরিক্ত গুটান নিবারিত হয় এমন স্বচালিত যন্ত্র নাই তথায় কোন ব্যক্তিকে চানোক দিয়া তুলিতে থাকা হইলে গুটাইবার ইঞ্জিনচালক এই সকল বিধির ২৯ বিধির উল্লিখিত স্থান ছাড়াইয়া যাইবার পর ডুলি, লোহার বাক্স, বাল্‌তি ব টব্ ঘণ্টায় তিন মাইলের বেশী গতিতে গুটাইবেন না।

৫৯ গুটাইবার ইঞ্জিনচালক সঙ্কেতসম্বন্ধে ব্যাঙ্কস্‌ম্যানের আদেশ কড়াকড়ভাবে পালন করিবেন।

৬০ গুটাইবার ইঞ্জিনচালক কোন অননুমোদিত ব্যক্তিকে ইঞ্জিনঘরে প্রবেশ করিতে কিম্বা কোন প্রকারে ইঞ্জিনে হস্তক্ষেপ করিতে দিবেন না।

৬১ গুটাইবার ইঞ্জিনচালক প্রচলিত সঙ্কেত সম্পূর্ণরূপে জানিয়া লইবেন এবং সাবধানে তৎপ্রতি মনোযোগ প্রদান করিবেন এবং উপযুক্ত সঙ্কেত না পাওয়া পর্য্যন্ত কোন মতেই ইঞ্জিন চালাইবেন না, সঙ্কেত যদি অস্পষ্ট হয় তাহা হইলে যে পর্য্যন্ত উহা পুনরায় করা না হয় এবং তিনি উহা স্পষ্ট বুঝিতে না পারেন সে পর্য্যন্ত ইঞ্জিন চালাইবেন না।

৬২ গুটাইবার ইঞ্জিনচালক ইঞ্জিন চলিতে থাকিবার সময়ে বা ইঞ্জিনে সংযুক্ত দড়িতে লোক ঝুলিয়া থাকিবার সময়ে হাতল বা ব্রেক্ ছাড়িয়া দিবেন না।

৬৩ ডুলি বা বাল্‌তি যদি দুই ঘণ্টা বা অধিক কাল স্থির হইয়া দাঁড়াইয়া থাকে তাহা হইলে গুটাইবার ইঞ্জিনচালক ব্যাঙ্কস্‌ম্যানের নিকট হইতে সঙ্কেত পাইবার পর, কোন লোককে উহাতে চড়িতে দিবার পূর্ব্বে, একবার উহা চানোক দিয়া তুলিবেন ও নামাইবেন

## বয়লারের অগ্নিদাতা

৬৪ বয়লারে অগ্নিদাতা দেখিবেন যে বয়লারে উপযুক্ত উচ্চ পর্য্যন্ত জল থাকে

৬৫। কার্য্যাধ্যক্ষ অধীন কার্য্যাধ্যক্ষ র ইঞ্জিননির্ম্মাতার নিকট হইতে অনুমতিপ্রাপ্ত না হইলে বয়লারে অগ্নিদাতা সেফ্‌টি বাল্‌বের লিভার বা ভার পরিবর্ত্তন করিবেন না অথবা কোন সেফ্‌টি বাল্‌বের চাপ পরিবর্ত্তিত হইতে দিবেন না।

৬৬ বয়লারে অগ্নিদাতা জলপরিমাপক যন্ত্র এবং টেষ্ট কক্ ঘন ঘন পরীক্ষা করিয়া দেখিবেন এবং কোন দোষ থাকিলে তাহা কার্য্যাধ্যক্ষ, অধীন কার্য্যাধ্যক্ষ বা ইঞ্জিননির্ম্মাতার নিকটে রিপোর্ট করিবেন

৬৭ বয়লারে অগ্নিদাতা প্রতিদিন একবার অথবা যতবারের আদেশ হয় ততবার এক মিনিট করিয়া ব্লো অফ কক্ খুলিবেন

## ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর

৬৮ উপরিতন কর্ম্মচারীর আদেশের অধীনে ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌-সেটরের হস্তে যথাক্রমে চানোকের মোহানার ও তলার সম্পূর্ণ কর্ত্তৃত্বভার থাকিবে এবং কোন ব্যক্তি বিনানুমতিতে কোন সঙ্কেত করিলে কিম্বা তাঁহার আদেশ অমান্য করিলে তাঁহার কথা ঐ কর্ম্মচারীর নিকটে রিপোর্ট করিবেন

৬৯ ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর চানোকসংক্রান্ত নির্দ্দিষ্ট সঙ্কেতাবলি সম্পূর্ণরূপে জানিয়া লইবেন এবং সাবধান হইয়া তৎপ্রতি মনোনিবেশ করিবেন।

৭০ ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর অনুমোদিত সংখ্যার অধিক লোককে এক একবারে উঠিতে বা নামিতে দিবেন না

৭১ ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর কার্য্যাধ্যক্ষের নিকট হইতে এতদর্থে বিশেষ অনুমতিপ্রাপ্ত না হইলে কোন ব্যক্তি চানোকের সেবাগত কার্য্য নিযুক্ত থাকিবার সময়ে ভিন্ন চানোক দিয়া উঠিবার বা নামিবার সময়ে কোন ব্যক্তিকে সাধারণ কোন যন্ত্র বা বড় জিনিষ সঙ্গে লইয়া যাইতে দিবেন না

কিন্তু কেবলমাত্র যন্ত্র লইলে ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর কার্য্যাধ্যক্ষের সাধারণতঃ আদেশক্রমে উহা সঙ্গে লইয়া যাইবার অনুমতি দিতে পারিবেন

৭২ চানোক দিয়া লোক উঠাইবার বা নামাইবার সময়ে ব্যাঙ্কস্‌ম্যান্ ও অন্‌সেটর চানোকের মোহানায় ও চানোকের তলায় নিজ নিজ স্থান ত্যাগ করিয়া যাইবেন না।

৭৩। কার্য্য শেষ হইবার বা স্থগিত থাকিবার পর ব্যাঙ্কস্‌ম্যান্ সাবধান হইয়া দেখিবেন যে চানোকের মাথা কায়দা করিয়া বন্ধ করা হইল কিম্বা বেড়া দিয়া ঘেরা হইল

৭৪ ব্যাঙ্কস্‌ম্যান্ চানোকের মোহানায় বা ব্যাঙ্কিং ষ্টেজে এমন কোন আল্‌গা মালমসলা থাকিতে দিবেন না যাহা চানোকের মধ্যে পড়িতে পারে।

## ইঞ্জিন প্লেন ও সিড়ি খাদ

৭৫। প্রত্যেক ইঞ্জিনচালক, ব্রেক্‌স্‌ম্যান্ ব্যাঙ্কসম্যান্ এবং অন্‌সেটর নির্দ্দিষ্ট সঙ্কেতাবলি সম্পূর্ণরূপে জানিয়া লইবেন এবং সাবধান হইয়া তৎপ্রতি মনোযোগ দিবেন।

৭৬ দড়ি উঠিতে বা নামিতে থাকিবার সময় কোন অননুমোদিত ব্যক্তি টানিবার পথে চলিবেন না

৭৭। মাটীর নীচের যে ইঞ্জিন, প্লেন বা সিড়ি খাদে ড্র্যাগ্ ব্যবহার করা আবশ্যক তাহাতে যে এক বা একাধিক টব্ ব্যবহার করিবার অভিপ্রায় থাকে সেই টব্ বা সেই সকল টবের ভারপ্রাপ্ত ব্যক্তির ঐ টব্ বা ঐ সকল টব্ চালিত হইবার পূর্ব্বে ড্র্যাগ্‌টী কায়দা করিয়া আটকাইয়া রাখিবেন বা রাখাইবেন।

৭৮ স্বচালিত কোন সিড়ি খাদ বা ইঞ্জিন প্লেনের মাথার ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তির কোন টব্ উপরের নামিবার স্থানে আনীত হইতে দিবার পূর্ব্বে উপরকার ব্লক্‌গুলি যে রাস্তা বন্ধ করিয়া আছে ইহা দেখিবেন এবং ষ্টপব্লক্ খুলিবার পূর্ব্বে টব্‌গুলি কায়দা করিয়া পরস্পর এবং দড়িতে বা শিকলে সংযুক্ত করিয়া দিবেন এবং কোন নির্ব্বিঘ্ন যন্ত্রাদির বিধান করা হইলে প্রত্যেকবার উহা ঠিক ও কায়দা করিয়া লাগাইয়া দিবেন ও ব্যবহার করিবেন

## গ্যাস বাতি

৭৯। খনিতে ব্যবহৃত হইবার নিমিত্ত অভিপ্রেত প্রত্যেক গ্যাস বাতি অধিকারী যোগাইবেন এবং উহা খনিতে ব্যবহৃত হইবার পূর্ব্বে প্রত্যেক স্থলেই কার্য্যাধ্যক্ষকর্ত্তৃক অনুমোদিত হইবে

৮০। কার্য্যাধ্যক্ষ গ্যাস বাতি ব্যবহারের আদেশ করিলে, চাবিবন্ধ গ্যাস বাতি ভিন্ন অন্য কোন বাতি বা আলো আনিতে দেওয়া হইবে না বা ব্যবহৃত হইবে না।

৮১। খনিতে ব্যবহৃত হইবার নিমিত্ত অভিপ্রেত সকল গ্যাস বাতি পরীক্ষা ও চাবিবন্ধ করিবার জন্য কার্য্যাধ্যক্ষ লিখিত আদেশক্রমে একজন

কর্ম্মচারী বা উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিবেন এবং ঐ অনুমোদিত ব্যক্তি এবং কার্য্যাধ্যক্ষ ভিন্ন অপর কোন ব্যক্তি খনিতে নিজে গ্যাস বাতি লইয়া যাইতে বা ব্যবহারের জন্য অপর কোন ব্যক্তিকে দিবে না।

৮২ খনিতে ব্যবহারের জন্য কোন ব্যক্তির নিকটে চাবিবন্ধ নয় এমন কোন গ্যাস বাতি থাকিবে না এবং তাঁহার যদি এরূপ বোধ হয় যে তাঁহার নিকটে যে গ্যাস বাতি আছে তাহার দোষ আছে কি তাহা নির্ব্বিঘ্ন নহে তাহা হইলে তিনি অবিলম্বে উহা খনি হইতে সরাইয়া ফেলিয়া পূর্ব্ববর্ত্তী বিধির উল্লিখিত অনুমোদিত ব্যক্তিকে ফেরত দিবেন

৮৩। কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কোন গ্যাস বাতির হানি করিবেন না বা উহার অনুপযুক্ত ব্যবহার করিবেন না কিম্বা অবৈধ উপায়ে উহা নিবাইয়া ফেলিবেন না এবং এতদর্থে কার্য্যাধ্যক্ষের নিকট হইতে যথারীতি অনুমতিপ্রাপ্ত ব্যক্তি ভিন্ন অপর কোন ব্যক্তি কোন গ্যাস বাতি খুলিবেন না বা উহার চাবি খুলিবেন না বা ঐরূপ খুলিবার বা চাবি খুলিবার চেষ্টা করিবেন না।

## বিস্ফোরক এবং আওয়াজ করা

৮৪ যাহা নিকটে রাখিবার নিমিত্ত কার্য্যাধ্যক্ষের নিকট হইতে বিশেষ অনুমতি পান নাই কোন ব্যক্তি এমন কোন বিস্ফোরক খনিতে বা খনির আশপাশে নিজের নিকটে রাখিবেন না।

৮৫ কার্য্যাধ্যক্ষ এই উদ্দেশ্যে লিখিত আদেশক্রমে যে কর্ম্মচারী বা অপর উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তিকর্তৃক ভিন্ন বা নিজে উপস্থিত থাকিয়া যেরূপ উপদেশ দেন তদনুসারে ভিন্ন কোন আওয়াজ করা হইবে না।

৮৬ ঐরূপে অনুমোদিত ব্যক্তি যখন আওয়াজ করিতে উদ্যত হইবেন তখন উহাতে যাহাদের বিপদ ঘটিবার সম্ভাবনা এরূপ সকল ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন

৮৭ আওয়াজ না হইলে আওয়াজ করিবার স্থানের প্রবেশ পথে বেড় দিতে হইবে এবং আওয়াজ করিবার সময় হইতে এক ঘন্টা কাল অতীত না হওয়া পর্য্যন্ত কোন ব্যক্তি ঐ বেড়ার ওধারে যাইবেন না। কিন্তু তাড়িৎযন্ত্র বলে আওয়াজ করা হইয়া থাকিলে কার্য্যাধ্যক্ষ যদি আদেশ করেন তবে ঐ এক ঘণ্টাকাল পরিমিত ব্যবধান কমাইয়া ব্যাটারি বিসংযুক্ত হইবার পর দশ মিনিট কাল ব্যবধান নির্দ্দিষ্ট হইতে পারিবে

৮৮ যাহাতে কার্য্য চলিতেছে এরূপ দুইটী স্থান পরস্পরের আট ফুটের মধ্যে আসিলে উহার একটী স্থান হইতে যাবৎ মজুরদিগকে সরান না হয় এবং ঐ স্থান বেড়া দিয়া ঘেরা না হয় তাবৎ উহার অপর স্থানে বারুদ দিয়া উড়াইবার কার্য্য চলিবে না।

৮৯। আওয়াজ না হইলে আওয়াজ না হইবার কালে যে কর্ম্মচারী বা অপর উপযুক্ত ব্যক্তি বিস্ফোরকের ভারপ্রাপ্ত থাকেন তিনি ঐ আওয়াজ না হইবার কথা কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষকে রিপোর্ট করিবেন কার্য্যাধ্যক্ষ বা অধীন কার্য্যাধ্যক্ষ ঐ উদ্দেশে যে বহি রাখিতে হইবে তাহাতে ঐ কথা লিখিয়া রাখিবেন এবং ঐ কর্ম্মচারী বা অপর উপযুক্ত ব্যক্তির কার্য্যভার যে ব্যক্তি গ্রহণ করিবেন ঐ কর্ম্মচারী বা অপর উপযুক্ত ব্যক্তি সেই ব্যক্তিকে ঐ আওয়াজ না হইবার কথা জানাইবেন

৯০ যে সকল ব্যক্তি বিস্ফোরক ব্যবহার করিবেন কিম্বা বহন করিয়া লইয়া যাইবেন তাঁহারা আওয়াজ করা এবং বিস্ফোরকসম্বন্ধে সাধারণ বিধির* বিধানগুলি পালন করিবেন

৯১ কোন গর্ত্তে বারুদ পুরিয়া উহাতে আগুন লাগাইবার নিমিত্ত উহা প্রস্তুত করিবার পর কোন ব্যক্তি তাহা হইতে কোন বস্তু সরাইবেন না বা সরাইবার উদ্যোগ করিবেন না।

৯২ ডিটোনেটর অপর সকল বিস্ফোরক হইতে পৃথক্ করিয়া একটী কায়দা করিয়া চাবি দেওয়া বাক্সে রাখিতে হইবে

## কয়লার খনির রেলওয়ে ও ট্রামওয়ে।

৯৩। যেখানে কোন ব্যক্তি কার্য্য করিতেছে কিম্বা যেখানে চালকের দৃষ্টি রোধ হয় ইঞ্জিন এমন স্থানের নিকটে আসিবার সময়ে ইঞ্জিনের চালক বংশীধ্বনি করিবেন

৯৪। যখন ইঞ্জিনের সামনে মালগাড়ী ঠেলিতে থাকা হইবে তখন সণ্টার সকলকার আগের গাড়ীর সঙ্গে যাইবে।

৯৫। মালগাড়ী চালাইতে উদ্যত হইবার পূর্ব্বে ঐ কার্য্যের ভারপ্রাপ্ত ব্যক্তি যে সকল ব্যক্তির বিপদ ঘটিবার সম্ভাবনা তাঁহাদিগকে সতর্ক করিয়া দিবেন

## কেবল চানোক খুঁড়িবার নিমিত্ত অতিরিক্ত বিধি।

### গুটাইবার ইঞ্জিনচালক

৯৬। ব্যাঙ্কস্‌ম্যান গুটাইবার ইঞ্জিনচালককে যে সকল সঙ্কেত প্রেরণ করিবেন গুটাইবার ইঞ্জিনচালক তাহা সাবধানে লক্ষ্য করিবেন এবং টব্, বাল্‌তি বা বোঝা চানোকের মোহানা (মাথা) বা তলা ত্যাগ করিবার পূর্ব্বে দড়ি স্থির হইবার সময় দিবেন

[1] ভারত গবর্ণমেণ্টের বিজ্ঞপন (রাজস্ব ও কৃষিবিভাগ) নং ৮৬৪-৬৮-২০, ১০ই মার্চ্চ, ১৯০৪

৯৭ ব্যাঙ্কস্‌ম্যানের নিকট হইতে ঐরূপ করিবার নিমিত্ত সঙ্কেত না পাইলে গুটাইবার ইঞ্জিনচালক নামিতেছে এমন টব্‌ বা বাল্‌তি চানোকের তলা হইতে ১৮ ফুট উচ্চ বিন্দুর নীচে নামাইবেন না

ব্যাঙ্কস্‌ম্যান্‌

৯৮ ব্যাঙ্কস্‌ম্যান্‌ সকল স্থানেই গুটাইবার ইঞ্জিনচালককে নির্দ্দিষ্ট সঙ্কেতাবলি ঠিক করিয়া প্রেরণ করিবেন

৯৯। যে সকল খুঁড়িবার যন্ত্র, বাহাতুরি কাঠ বা অপর বড় দ্রব্য টব্‌ বা বাল্‌তির কানার বাহির হইয়া থাকে ব্যাঙ্কস্‌ম্যান্‌ তাহা বাঁধিয়া সাবধানে টবের ভিতরে বা উপরে দিবেন এবং ইট বা অপর আল্‌গা মালমসলা চানোকে নামান হইলে টব্‌ বা বাল্‌তির মাথার অপেক্ষা উচু করিয়া উহা বোঝাই করিতে দিবেন না

১০০ টব্‌ বা মালমসলা নামাইবার সময়ে ব্যাঙ্কস্‌ম্যান্‌ সাবধান হইয়া দেখিবেন যে চানোকের মাথা কায়দা করিয়া ঢাকা বা বেড়া দিয়া ঘেরা হইল এবং যতক্ষণ কোন ব্যক্তি পাল্লার উপরে থাকিবেন ততক্ষণ উহা ঐরূপে ঢাকিয়া বা বেড়া দিয়া রাখিবেন

চার্জম্যান্‌ (ভারপ্রাপ্ত ব্যক্তি)।

১০১ প্রত্যেক চানোকে একজন চার্জম্যান্‌ চানোকের তলায় সম্পূর্ণ ভারপ্রাপ্ত থাকিবে

১০২ চার্জম্যান্‌ প্রত্যেক পালার আরম্ভ কালে চানোকের ধারগুলি সাবধানে পরীক্ষা করিয়া দেখিবে এবং সমস্ত আল্‌গা টুক্‌রা দ্রব্য সরাইয়া ফেলিবে

১০৩ চার্জম্যান্‌ দেখিবে যে প্রত্যেক টব্‌ বা বাল্‌তি নিরাপদভাবে বোঝাই করা হইয়াছে ও উহা হেলিতেছে দুলিতেছে না এবং টব্‌ বা বাল্‌তি যখন চানোকের তলা হইতে উঠিতে থাকে তখন উহার বাহিরে কোন জিনিষ লাগিয়া নাই

১০৪ চার্জম্যান্‌ দেখিবে যে যে সকল যন্ত্র ও অপর বড় জিনিষ টবের বা বাল্‌তির কানার বাহির হইয়া থাকে সেই সকল যন্ত্র ও জিনিষ টবে বা শিকলে বা দড়িতে কায়দা করিয়া বাঁধিয়া দেওয়া হইতেছে এবং ইহা যে পর্য্যন্ত করা না হয় সে পর্য্যন্ত টব্‌ বা বাল্‌তি উঠাইতে বা নামাইতে দিবে না

ভারতবর্ষের খনিসমূহের ইন্‌স্পেক্টর।

B. S Press—5-4-1922—IV—4000—S. C M

[stamp]